

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৭৫৪

8/ মাসজিদ ও জামাআত (کتاب المساجد والجماعات) পরিচ্ছেদঃ ৪/৮. গোত্রের এলাকায় বা মহল্লায় নির্মিত মসজিদেসমূহ।

بَابِ الْمَسَاجِدِ فِي الدُّورِ

আরবী

حَدَّثَنَا أَبُو مَرْوَانَ، مُحَمَّدُ بِنُ عُثْمَانَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بِنُ سَعْدٍ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ مَحْمُودِ بِنِ الرَّبِيعِ الأَنْصَارِيِّ، _ وَكَانَ قَدْ عَقَلَ مَجَّةً مَجَّهَا رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ مِنْ دَلْوٍ فِي بِنِّرٍ لَهُمْ _ عَنْ عِتْبَانَ بِنِ مَالِكِ السَّالِمِيِّ _ وَكَانَ إِمَامَ قَوْمِهِ بَنِي سَالِمٍ وَكَانَ شَهِدَ بَدْرًا مَعَ رَسُولِ اللَّهِ _ صلى الله عليه وسلم _ _ قَالَ جِنْتُ رَسُولَ اللَّهِ إِنِّي قَدْ أَنْكُرْتُ مِنْ بَصَرِي وَإِنَّ السَّيْلَ سَالِمٍ وَكَانَ شَهِدَ بَدْرًا مَعَ رَسُولَ اللّهِ إِنِّي قَدْ أَنْكُرْتُ مِنْ بَصَرِي وَإِنَّ السَّيْلَ لَهُ عَلَى الله عليه وسلم _ فَقُلْتُ يَا رَسُولَ اللّهِ إِنِّي قَدْ أَنْكُرْتُ مِنْ بَصَرِي وَإِنَّ السَّيْلَ يَأْتِينِي فَيَحُولُ بَيْنِي وَيَيْنَ مَسْجِد قَوْمِي وَيَشُونُ عَلَى اجْتِيَازُهُ فَإِنْ رَأَيْتَ أَنْ تَأْتِينِي فَيْحُولُ لِينِي وَيَيْنَ مَسْجِد قَوْمِي وَيَشُونُ عَلَى اجْتِيَازُهُ فَإِنْ رَأَيْتَ أَنْ تَأْتِينِي فَتُصَلِّي فَتُصَلِي وَإِنَّ السَّيْلَ عَلَى الله عَلَيْ وَيَدُولُ لَا الله عليه وسلم _ وَأَبُو بَكْرٍ بِعْدَ مَا اشْتَدَّ النَّهَارُ وَاسْتَأْذَنَ فَأَذِنْتُ لَهُ وَلَمْ يَجْلِسْ حَتَّى قَالَ " أَيْنَ رَأَيْتُ أَنْ أُصِلِي الله عَلَى الْمَكَانِ الَّذِي أُحِبُ أَنْ أُصِلِي لله عَلَى الْمَكَانِ الَّذِي أُحِبُ أَنْ أُصِلِي لَكَ مِنْ بَيْتِكَ " . فَأَشَرْتُ لَهُ إِلَى الْمُكَانِ الَّذِي أُحِبُ أَنْ أُصَلِي فِيهِ فَقَامَ رَسُولُ اللّهِ عَلَى الله عليه وسلم _ وَصَفَفْنَا خَلْفَهُ فَصَلَّى بِنَا رَكُعْتَيْنِ ثُمُّ أَنْ أُصَلِي قَلْهُ السَّهُ عَلَى الله عَلَى الله عليه وسلم _ وَصَفَفْنَا خَلْفَهُ فَصَلَّى بِنَا رَكُعْتَيْنِ ثُمَّ الْمُنَا الله عَلَى الله عليه وسلم _ وَصَفَفْنَا خَلْفَهُ فَصَلَّى بِنَا رَكُعْتَيْنِ ثُمَّ الْمُ الله عَلَى الله عليه وسلم _ وَصَفَفْنَا خَلْفَهُ فَصَلَّى بِنَا رَكُعْتَيْنِ ثُمَّ الْمُنَافِقُ عَلَى الْتَهُ اللهُ عَلَى اللهُ عَلَى الله عليه وسلم _ وصَفَفْنَا خَلْفَهُ فَصَلَّى بِنَا رَكُعْتَيْنِ ثُمَّ الْمَنْ اللهُ عَلَى الله عليه وسلم _ وصَفَقْ الْمَلْيَ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ

বাংলা

১/৭৫৪। ইতবান ইবনু মালিক আস-সালিমী (রাঃ) থেকে বর্ণিত। তিনি ছিলেন তাঁর গোত্র বনু সালিমের মসজিদের ইমাম এবং তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ন আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বদরের যুদ্ধে অংশগ্রহণ করেন। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে বললাম, হে আল্লাহ্র রাসূল! আমার দৃষ্টিশক্তি ক্ষীণ হয়ে আসছে এবং সয়লাবের কারণে আমার ঘর ও আমার গোত্রের মসজিদের মধ্যকার নালাটি পানিপূর্ণ হয়ে প্রতিবন্ধকতার সৃষ্টি হয়। তা পার হয়ে আসা-যাওয়া আমার জন্য বেশি কষ্টকর। আপনি যদি মনে করেন, আমার বাড়িতে এসে আপনি একটা স্থানে সালাত পড়বেন, যাকে আমি সালাতের স্থান বানাতে পারি, তাহলে তাই করুন। তিনি বলেনঃ আচ্ছা! তাই করবো।



পরের দিন দুপুরের পূর্বে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আবূ বকর (রাঃ) আমার বাড়িতে আসেন এবং ভিতরে আসার অনুমতি চান। আমি তাঁকে ভিতর বাড়িতে আসার অনুমতি দিলাম। কিন্তু তিনি না বসে জিজ্ঞেস করলেনঃ তোমার ঘরের কোন জায়গায় তোমার আকাজ্ফা অনুযায়ী আমার সালাত পড়া তুমি পছন্দ করো? আমি ঘরের যে স্থানে আমার সালাত পড়া পছন্দ করি সেই জায়গাটি তাঁকে ইশারায় দেখিয়ে দিলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে দাঁড়ালেন এবং আমরাও তাঁর পিছনে সারিবদ্ধ হয়ে দাঁড়ালাম। তিনি আমাদের নিয়ে দু রাকআত সালাত পড়েন। এরপর আমি তাঁকে খাযীরা (এক প্রকার খাদ্য) খাওয়ারনো জন্য অপেক্ষা করালাম, যা তাঁদের জন্য তৈরি করা হয়েছিল।

English

Mahmud bin Rabi' Al-Ansari, who remembered that the Messenger of Allah spat a mouthful of water from a bucket into a well that belonged to them, narrated that:

'Itban bin Malik As-Salimi who was the chief of his people Banu Salim and had participated in (the battle of) Badr with the Messenger of Allah said: "I came to the Messenger of Allah and said: 'O Messenger of Allah, my sight is failing and the flood comes and prevents me from reaching the mosque of my people, and it is too hard for me to cross the water. Do you think you could come and perform prayer in my house in a place which I can then take as a place of prayer?' He said: 'I will do that.' The following day, the Messenger of Allah and Abu Bakr came, when the heat of the day had grown intense. He asked permission to enter, and I gave him permission. He did not sit down until he said: 'Where would you like me to perform prayer for you in your house?' I showed him the place where I wanted him to pray, so the Messenger of Allah stood and we lined up behind him, and he led us in praying two Rak'ah (units). Then I asked him to stay and eat some Khazirah that had been prepared for them.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: বুখারী ৭৭, ৪২৪-২৫, ৬৬৭, ৬৮৬, ৮৩৮, ৮৪০, ৪০১০, ৫৪০১; মুসলিম ৩৩, নাসায়ী ৭৮৮, ৮৪৪, ১৩২৭; আহমাদ ২৩১২৬, মুওয়াত্ত্বা মালিক ৪১৭; মাজাহ ৬৬০।

তাহক্বীক্ব আলবানী: সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ ইতবান ইবনু মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন